ইত্তেফাক

তারিখ ১০/১/৮১
পৃষ্ঠা ৮ কলাম ১ ৫

031

# 'প্রাথমিক শিক্ষকদের সংগ্রাম অব্যাহত থাকিবে'

(ইত্তেফাক রিপোর্ট)

১৩ই জানুয়ারী আহূত 'বিশ্বাস-ভঙ্গ দিবস' সফল করার জন্য প্রাথমিক শিক্ষক সমিতি আজ (শনিবার) শহরের বিভিন্ন স্থানে খণ্ড মিছিল বাহির করিবে। আজ

( ৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## প্রাথমিক শিক্ষকদের সংগ্রাম

( ১ম পৃঃ পর )

সকাল সাড়ে ৯টায় বাহাদুর শাহ পার্ক, হাবিবুল্লাহ বাহার কলেজ ও মহাখালী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সমাবেশের পর শোভাযাত্রা বাহির হইবে।

প্রাথমিক শিক্ষক সমিতি জানায়, গতকাল দেশব্যাপী প্রাথমিক শিক্ষকদের পূর্ণ ধর্মঘটের ষোড়শ দিবস অতিবাহিত হইয়াছে।

প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী আ, কা, ফজলুল হক এক বিবৃতিতে পৌর কর্পোরেশন মেয়রের বক্তব্যের প্রতিবাদ করিয়া গতকাল (শুক্রবার) বলেন, পৌর কর্পোরেশনই প্রাথমিক শিক্ষা নিয়া রাজনৈতিক খেলায় মাতিয়াছেন। পক্ষান্তরে আমরা প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে তাহাদের 'রাজনৈতিক লালসা' হইতে রক্ষার সংগ্রামে লিপ্ত। তাহারা বলেন, দাবী আদায় না হওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষকগণের সংগ্রাম অব্যাহত থাকিবে।

### মাধ্যমিক শিক্ষক

বাংলাদেশ শিক্ষক সমিতি (মান্নান) নিরক্ষরতা দূরীকরণ ও পাঠ্যক্রমে জাতীয়তাবোধ সৃষ্টির উপাদানকে প্রধান আলোচ্য হিসাবে নির্ধারণ করিয়া ৭ই ফেব্রুয়ারী দুই দিনব্যাপী জাতীয় সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত নিয়াছে।